

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৫২.২০১৭-৬৬

তারিখঃ ২৪ পৌষ ১৪২৪
০৭ জানুয়ারি ২০১৮

বিষয় : রীট পিটিশন নং-১৬১৪৬/২০১৭, [পিটিশনার জনাব ইকবাল হাসান, পিতা - সোলায়মান আলি সরদার, গ্রাম- ডিমজাউন, পোস্ট- দরিয়াপুর, থানা-মহাদেবপুর, জেলা - নওগাঁ ও অন্যান্য ৩৩ জন - বনাম -সরকার ও অন্যান্য] এর অনুচ্ছেদওয়ারী ঘটনা বিবরণী প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার কর্তৃক ১০.১২.২০১৭ তারিখে প্রেরিত বাংলাদেশ সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগের ১৪.১১.২০১৭ তারিখের আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ইউনিয়ন পরিষদের নবসৃজিত “হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটর” পদে পিটিশনারের চাকুরী রাজস্ব খাতে নিয়মিতকরণের দাবীতে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৬ জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ স্থানীয় অন্তঃ পিটিশনারের চাকুরী রাজস্ব খাতে নিয়মিতকরণের জন্য কেন নির্দেশনা দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মামলায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং প্রতিপক্ষ; সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ২নং প্রতিপক্ষ; সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়কে ৩নং প্রতিপক্ষ; সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়কে ৪নং প্রতিপক্ষসহ মোট ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ শ্রেণীভুক্ত করা হয়েছে। বিজ্ঞ আদালত রুল ইস্যুপূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের জন্য আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে ইংরেজীতে অনুচ্ছেদওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Parawise Reply and Statement of Facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

ফোনঃ+৮৮০২-৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

জেলা প্রশাসক
নওগাঁ।

অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. যুগ্মসচিব (ইউনিয়ন পরিষদ), স্থানীয় সরকার বিভাগ।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয় মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অফিস কপি/ মাস্টার কপি।